

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ২২০৮

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৪. ছিন্নকারী তালাক

بَابُ فِي الْبَتَّةِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ الْعَتَكِيُّ، حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ، عَنِ الزُّبَيْرِ بْنِ سَعِيدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَلِيٍّ بْنِ يَزِيدَ بْنِ رُكَانَةَ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ: أَنَّهُ طَلَّقَ امْرَأَتَهُ الْبَتَّةَ، فَأَتَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: مَا أَرَدْتَ، قَالَ: وَاحِدَةً، قَالَ: اللَّهُ؟، قَالَ: اللَّهُ، قَالَ: هُوَ عَلَى مَا أَرَدْتَ، قَالَ أَبُو دَاوُدَ: وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ ابْنِ جُرَيْجٍ أَنَّ رُكَانَةَ طَلَّقَ امْرَأَتَهُ ثَلَاثًا، لِأَنَّهُمْ أَهْلُ بَيْتِهِ، وَهُمْ أَعْلَمُ بِهِ، وَحَدِيثُ ابْنِ جُرَيْجٍ رَوَاهُ عَنْ بَعْضِ بَنِي أَبِي رَافِعٍ، عَنْ عِكْرِمَةَ، عَنْ ابْنِ عَبَّاسٍ

ضعيف // ، الإرواء (٢٠٦٣)

বাংলা

২২০৮। আব্দুল্লাহ ইবনু আলী ইবনু ইয়াযীদ ইবনু রুকানা (রহ.) থেকে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। তার দাদা নিজ স্ত্রীকে 'আলবাত্তা' শব্দের দ্বারা তালাক দিয়েছিলেন। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিকট আসলে তিনি জিজ্ঞেস করলেনঃ তুমি কি ইচ্ছা করেছিলে? তিনি বললেন, এক তালাকের। তিনি বললেনঃ আল্লাহর শপথ? তিনিও বললেন, আল্লাহর শপথ! অতঃপর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ 'তুমি যা নিয়্যাত করেছো তাই।'[1]

দুর্বলঃ ইরওয়া (২০৬৩)।

English

'Ali b. Yazid b. Rukanah reported on the authority of his father from his grandfather that he (Rukanah) divorced his wife absolutely; so he came to

the Messenger of Allah (ﷺ). He asked (him):

What did you intend? He said: A single utterance of divorce. He said: Do you swear by Allah? He replied: I swear by Allah. He said: It stands as you intended.

Abu Dawud said: This tradition is sounder than that of Ibn Juraij that Rukanah divorced his wife by three pronouncements, for they are the members of his family and they are more aware for him. The tradition of Ibn Juraij has been narrated by some children of Abu Rafi' from 'Ikrimah on the authority of Ibn 'Abbas.

ফুটনোট

[1]. তিরমিযী, ইবনু মাজাহ, ইবনু হিব্বান, দারাকুতনী, বায়হাকী, তায়ালিসি। ইমাম তিরমিযী বলেন: ‘আমি এ হাদীস সম্পর্কে ইমাম বুখারীকে জিজ্ঞেস করেছি। তিনি বলেছেন: এতে ইযতিরাব হয়েছে।’ হাদীসটি দুর্বল। এর কয়েকটি ত্রুটি রয়েছে। প্রথম ত্রুটি: সনদের যুবায়র ইবনু সাঈদ। তার সম্পর্কে হাফিয ইবনু হাজার আসকালানী বলেন: ‘আজালী বলেছেন, তিনি তালাক সম্পর্কে মুনকার হাদীস বর্ণনা করেছেন অর্থাৎ এই হাদীসটি।’ হাফিয আত-তাকরীব গ্রন্থে বলেন: তিনি হাদীস বর্ণনায় শিথিল (লাইয়িন)। দ্বিতীয় ত্রুটি: সনদে আব্দুল্লাহ বিন ইয়াযীদকে উকাইলী যু‘আফা গ্রন্থে উল্লেখ করে বলেন: তার হাদীসের অনুসরণ (মুতাবা‘আত) করা হয় না। তিনি সনদ মুযতারিব করেন। তৃতীয় ত্রুটি: সনদের ‘আলী ইবনু ইয়াযীদ এর জাহলাত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=59576>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন